



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Programme (Only for Female Candidates) 3rd Semester Examination, 2022-23

BNGLCOR01T-BENGALI (MIL)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

দক্ষিণপ্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

বিভাগ-ক

- ১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

একক - ১

- (ক) বাংলা গদ্যের বিকাশে রামমোহন রায়ের অবদান আলোচনা করো। ১০
অথবা
(খ) বাংলা ভাষা ও সাহিত্যের বিকাশে 'সংবাদ প্রভাকর' ও 'বঙ্গদর্শন' পত্রিকা দুটির ভূমিকা আলোচনা করো। ১০

একক - ২

- (গ) 'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থ অবলম্বনে উনিশ শতকের সমাজচিত্রের পরিচয় দাও। ১০
অথবা
(ঘ) 'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থে বর্ণিত সেকালের কলকাতার চড়কপার্বণ বিষয়ে সংক্ষেপে লেখো। ১০

একক - ৩

- (ঙ) সাহিত্যিক মহাকাব্য সৃজনে মাইকেল মধুসূদন দত্তের অবদান প্রাসঙ্গিক কাব্য অবলম্বনে আলোচনা করো। ১০
অথবা
(চ) বাংলা কাব্যসাহিত্যে 'ভোরের পাখি' কাকে বলা হয়? তাঁর কাব্যকৃতির পরিচয় দাও। ১+৯

একক - ৪

- (ছ) 'কপোতাক্ষ নদ' কবিতাটিতে সনেটধর্মী কবিতার লক্ষণ কতখানি ফুটে উঠেছে, সে বিষয়ে আলোচনা করো। ১০
অথবা
(জ) 'কমলে কামিনী' কবিতাটির ভাববস্তু নিজের ভাষায় উল্লেখ করো। ১০

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাওঃ ৫×২ = ১০
(ক) টীকা লেখোঃ সীতার বনবাস ৫
(খ) হুতোম বর্ণিত কলকাতার বারোয়ারি পূজার আমোদ ও বিনোদনের বিষয়টি সংক্ষেপে লেখো। ৫
(গ) টীকা লেখোঃ পদ্মিনী উপাখ্যান ৫
(ঘ) "যা ফিরি, অজ্ঞান তুই, যা রে ফিরি ঘরে।" - কে, কাকে অজ্ঞান বলে অভিহিত করেছেন? তাঁর এই অজ্ঞানতার পরিচয় দাও। ১+১+৩

—x—